চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলা আইসিটি কমিটির ফেব্রুয়ারি/২০১৯ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ সিরাজুল ইসলাম,
উপজেলা নির্বাহী অফিসার
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্থানঃ উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়

তারিখঃ ২৫-০২-২০১৯ খ্রিঃ

সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য

সভাপতি সকল সম্মানীত সদস্যকে স্বাগত জানিয়ে সভায় কাজ শুরু করেন। সভায় বিভিন্ন বিভাগীয় প্রধান, প্রতিষ্ঠানের কম্পিউটার শিক্ষকবৃন্দ, ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও উপজেলা ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ এবং সহকারী প্রোগ্রামার উপস্থিত ছিলেন। দেশের অফিস আদালত, ব্যবসা-বাণিজ্য, শিক্ষা ব্যবস্থাসহ সর্বক্ষেত্রে ডিজিটাল পদ্ধতির প্রয়োগের গুরুত্ব এবং এর সুফল সম্পর্কে সভায় গুরুত্বারোপ করেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবদান সম্পর্কে সভাকে অবহিত করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনাসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন/অগ্রগতি
০১	উপজেলা ও ইউনিয়নের ওয়েব পোর্টালের তথ্য	জীবননগর উপজেলার সকল সরকারি অফিস, ইউনিয়ন ও উপজেলা ওয়েবপোর্টাল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল সরকারি অফিস ও ইউনিয়ন ওয়েব পোর্টাল হালনাগাদ করতে উপজেলার সকল কর্মকর্তা, সহকারী প্রোগ্রামার ও ইউডিসি উদ্যোক্তাদের অনুরোধ করা হয়।	উপজেলার সকল সরকারি অফিস ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য প্রত্যেক অফিস প্রধান ও ইউডিসির উদ্যোক্তাদের অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার, ইউডিসির উদ্যোক্তা।
০২	ইউডিসি'র আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড	ইউডিসি'র আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে উদ্যোক্তারা নিয়মিত তথ্য আপলোড করে না। উথলী, বাঁকা ও সীমান্ত ইউডিসি'র উদ্যোক্তা বলেন যে, তার ডিজিটাল সেন্টারে ইন্টারনেট নেটওয়ার্কিং সমস্যা আছে। নেটওয়ার্ক সমস্যার কারণে প্রতিদিন নিয়মিতভাবে আপলোড করা যায় না। প্রতিমাসে আয় কমপক্ষে ১৫,০০০/- টাকা করতে হবে এবং ড্যাশবোর্ডে তথ্য নিয়মিত আপলোড করতে হবে।	আয় ও সেবা প্রদান সম্পর্কে তথ্য নিয়মিত আপলোড করতে হবে। নেটওয়ার্কিং সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে জেলা প্রশাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। নিয়মিত তথ্য আপলোড করছে কিনা তা মনিটরিং এর জন্য সহকারী প্রোগ্রামার কে অনুরোধ করা হয়।	সহকারী প্রোগ্রামার, সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ।
০৩	সরকারী ই-মেইল ব্যবহার	সকল সরকারী দপ্তর , শিক্ষা প্রতিষ্ঠান ও ইউডিসিসমূহ কর্তৃক প্রতিদিন অফিস শুরু ও শেষ এর সময় অন্তত দুইবার সরকারী ই-মেইল চেক করার বিষয়ে নির্দেশনা আছে।	উক্ত নির্দেশনা অনুসরনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, টেকনিসিয়ান ও উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান ও উদ্যোক্তাগণ
০৪	উপজেলা আইসটি সভায় টেকনিশিয়ান ও উদ্যোক্তা উপস্থিতি	আইসিটি টেকনিসিয়ান ও ইউডিসি উদ্যোক্তাগণই মূলতঃ পোর্টালে তথ্য আপলোড করার কাজ করে থাকেন। সেকারণে উপজেলা আইসিটি কমিটির সভায় টেকনিশিয়ান ও উদ্যোক্তা উপস্থিতি আবশ্যক মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন।	উক্ত বক্তব্যের সাথে সকল সদস্য সভায় একমত পোষণ করেন। উপজেলা আইসিটি কমিটির সভায় টেকনিশিয়ান ও উদ্যোক্তা নিয়মিত উপস্থিতি থাকবেন।	টেকনিশিয়ান সংশ্লিষ্ট উদ্যোক্তা (সকল)
০৫	মাল্টিমিডিয়া ক্লাসরুম যথাযথভাবে পরিচালনা।	মাল্টিমিডিয়া ক্লাসরুম সিস্টেমের ড্যাসবোর্ড পর্যালচনা করে দেখা যায় গত জানুয়ারি-২০১৯ মাসের জীবননগর উপজেলার মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাশ পরিচালনা করার পারফরমেন্স ২২.৪% শিক্ষা। সহকারী প্রোগ্রামার জানান, পারফরমেন্স বৃদ্ধির জন্য এমএমসি তে রেজিস্ট্রেশনভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রতিদিন ৫ (পাঁচ) টি ক্লাশ	নির্দেশনা মোতাবেক মাল্টিমিডিয়া ক্লাশ নিয়মিত ভাবে পরিচালনা করতে হবে এবং ড্যাস বোর্ডে তথ্য উপস্থাপন করতে হবে। এ কাজ যথাযথভাবে করা হচ্ছে কিনা বিষয়টি তদারকি করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ।

		মাল্টিমিডিয়া ব্যবহার করে পরিচালনা করতে হবে এবং রিপোর্ট আপলোড করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, এমএমসি তে রেজিস্ট্রেশনভুক্ত প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠান মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাশ পরিচালনা করে। কিন্তু বর্তমানে রিপোর্ট আপলোড মোবাইল অ্যাপস্ ভিত্তিক হওয়ায় সকল প্রতিষ্ঠান যথাসময়ে করতে পারছে না।	অনুরোধ করা হয়।	
০৬	শেখ রাসেল ডিজিটাল ল্যাবের তথ্য প্রেরণ	এ উপজেলায় এ পর্যন্ত ২টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবের কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষে রায়পুর মাধ্যমিক বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও কাশীপুর মাধ্যমিক বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাবে নিয়মিত শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এই উপজেলায় শাপলাকলি আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন কাজ চলমান রয়েছে।	আরো বেশী ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষাক।

(মোঃ সিরাজুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
জীবননগর, চুয়াডাঙ্গা।
টেলিফোনঃ ০৭৬২৪-৭৫০০১
Email: unojibannagar@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর,চুয়াডাঙ্গা।

স্মারক নং- ০৫.৪৪.১৮৫৫.০০০.৪৮.০০৮.১৯- ২৫৩ তারিখঃ ২৫/০২/২০১৯খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো-
১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
২। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,জীবননগর।
অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলো-
৪। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর,চুয়াডাঙ্গা।
৫। উপজেলা...কর্মকর্তা, জীবননগর,চুয়াডাঙ্গা।
৬। চেয়ারম্যান,...............................ইউ/পি, জীবননগর,চুয়াডাঙ্গা।
৭। প্রধান শিক্ষক, ... কলেজ/বিদ্যালয়।
৮। উদ্যোক্তা.. . . . . .ইউনিয়ন ডিজিটাল সেন্টার, জীবননগর।

উপজেলা নির্বাহী অফিসার
জীবননগর, চুয়াডাঙ্গা।